# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
**(Residential Autonomous College under University of Calcutta)**

**B.A./B.Sc. SECOND SEMESTER EXAMINATION, MAY 2014**

**FIRST YEAR**

**BENGALI (General)**

Date : 28/05/2014
Time : 11 am – 2 pm

Paper : II

Full Marks : 75

১। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও।

ক) কমেডি কাকে বলে? এর বৈশিষ্ট্য জানিয়ে একটি বাংলা 'কমেডি' জাতীয় নাটকের লেখকের নাম উল্লেখসহ পরিচয় দাও। [4+3+7]

ক) মনস্তাত্ত্বিক উপন্যাস কাকে বলে? মনস্তাত্ত্বিক উপন্যাসের লক্ষণীয় বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও। একটি বাংলা মনস্তাত্ত্বিক উপন্যাস সম্পর্কে লেখকের নাম সহ আলোচনা করো। [4+3+7]

২। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও।

ক) বাংলা সাময়িক পত্রের ধারায় দিগ্‌দর্শন থেকে বঙ্গদর্শন পত্রিকায় পরিণতি প্রাপ্তির সংক্ষিপ্ত পরিচয় দাও। [15]

খ) যে কোন **দুটি** সাময়িক পত্র সম্পর্কে আলোচনা করো। [2×7½]
বঙ্গদর্শন, তত্ত্ববোধিনী, সংবাদপ্রভাকর, দিগ্‌দর্শন।

৩। যে কোন **দুটি** প্রশ্নের উত্তর দাও। [2×5]

ক) উপমা অলঙ্কার কাকে বলে? উপমা অলঙ্কারের অঙ্গ বিভাগগুলির নাম লেখো। যেকোনো দুটি বিভাগের উদাহরণসহ ব্যাখ্যা দাও। [1+1+3]

খ) উদাহরণ ও বৈশিষ্ট্যসহ সংজ্ঞা দাও ঃ যমক অথবা রূপক। [2+3]

গ) উৎপ্রেক্ষা অলঙ্কার কাকে বলে? এর বিভাগগুলি উদাহরণ সহযোগে ব্যাখ্যা করে বোঝাও। [1+4]

ঘ) দুটি করে উদাহরণসহ শ্রুত্যনুপ্রাস ও ছেকানুপ্রাস ব্যাখ্যা করো। [2½+2½]

৪। ব্যাখ্যাসহ অলঙ্কার নির্ণয় করো (যে কোন **দুটি**) ঃ [2×5]

ক) বাজে পূরবীর ছন্দে রবির শেষ রাগিণীর বীণ।
—রবীন্দ্রনাথ

খ) কাল জল ঢালিতে সই কালা পড়ে মনে
নিরবধি দেখি কালা শয়নে স্বপনে।
—চণ্ডীদাস

গ) শীতের ওড়নী পিয়া গিরিষের বা
বরিষার ছত্র পিয়া দরিয়ার না।
—বিদ্যাপতি

ঘ) পাতলা সাদা মেঘের টুকরো
স্থির হয়ে ভাসছে কার্তিকের রোদ্দুরে—
দেবশিশুদের কাগজের নৌকা।
—রবীন্দ্রনাথ

৫। যে কোন **একটি** ভাবসম্প্রসারণ করো। [10]

ক) দ্বার বন্ধ করে ভ্রমটারে রুখি
সত্য বলে আমি তবে কোথা দিয়ে ঢুকি।

খ) দুর্গম গিরি কান্তার মরু দুস্তর পারাবার
লঙ্ঘিতে হবে রাত্রি নিশিথে যাত্রীরা হুঁশিয়ার।

৬। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও।

ক) হিয়ার পরশ লাগি হিয়া মোর কান্দে।
পরাণ পিরিতি লাগি হির নাহি বান্ধে।।

এই পংক্তিদুটি কোন্ শীর্ষক পদ থেকে গ্রহণ করা হয়েছে? এই পদটি কার রচনা? পদটিতে কার, কোন্ মনোভাবের পরিচয় দেওয়া হয়েছে সংক্ষেপে লেখো। [1+1+1+12]

খ) ‘‘এ সখি হামারি দুখের নাহি ওর’’

কোন্ পর্যায়ের পদ? কার রচনা? পদটির মধ্যে যে অনুভবের কথা ব্যক্ত হয়েছে তা জানাও। [1+1+13]